# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০৮ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

## চেতনার পুনর্জাগরণে একুশে বইমেলার আয়োজনঃ

**মেয়র** মুক্তিযুদ্ধের চেতনার পুনর্জাগরণের জন্য একুশে বইমেলার আয়োজন করা হয়েছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম। বুধবার এম এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন জিমনেসিয়াম মাঠে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত অমর একুশে বইমেলার উদ্বোধনকালে মেয়র এ মন্তব্য করেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, একাত্তরে যে চেতনার ভিত্তিতে জাতির পিতা বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমানের ডাকে পুরো জাতি এক হয়ে লড়েছিল সে চেতনার ধারা আজ দুর্বল হয়ে গেছে। বঙ্গবন্ধুর অকাল প্রয়াণের পর স্বাধীনতা বিরোধী অপশক্তি ক্ষমতা দখল করে জনগণ বিশেষ করে শিশুদের মগজধোলাই করে তাদের বিভ্রান্ত করার চেষ্টা করে। বইমেলার মাধ্যমে মিথ্যার প্রাসাদ ভেঙ্গে জনগণের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনাকে পুনর্জাগরিত করতে এই বইমেলার আয়োজন করা হয়েছে। বইমেলার প্রতিটি বই হয়ে উঠুক মুক্তিযুদ্ধের আদর্শের অস্ত্র, লড়ুক স্মার্ট বাংলাদেশ গড়তে এটাই আমাদের প্রত্যাশা।

"ভাষা আন্দেলনের তাৎপর্য থেকে শুরু করে স্বাধীনতাযুদ্ধের পরিকল্পনা সমস্তটাকেই জনগণের কাছে পৌঁছাতে সহযোগিতা করেছে বই। এজন্য চট্টগ্রামবাসীর হাতে-হাতে বই তুলে দিতে এই বইমেলার আয়োজন। ব্যবসায়ীদের আহ্বান জানাচ্ছি যারা ব্যবসা প্রতিষ্ঠানের সাইনবোর্ডে বাংলা ব্যবহার করছেননা তারা সাইনবোর্ডে বাংলা ব্যবহার করুন। চট্টগ্রামবাসীকে আহ্বান জানাচ্ছি, আপনারা মেলায় আসুন, নতুন প্রজন্মের হাতে মোবাইল নয়, বরং বই তুলে দিন।"

প্রধান বক্তা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার বলেন, রাষ্ট্রের উন্নয়নে চাই শিক্ষার উন্নয়নে। আর, ভালো মানের বই ছাড়া ভালো শিক্ষা ব্যবস্থা গড়া সম্ভব নয়। এই বইমেলা চট্টগ্রামের হাজারো বইপ্রেমীর পদচারণায় মুখর হয়ে উঠেছে, যা আমাদের একটি উন্নত বাংলাদেশ গড়ার লড়াইয়ে সাহস যোগাবে।

সভাপতির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, বই বর্তমানের সাথে অতীত আর ভবিষ্যৎের মধ্যে ব্রীজের কাজ করে। ভাষার মাসের এই বইমেলার আয়োজন সংশ্লিষষ্ট সকলকে আমি ধন্যবাদ জানাই।

আরো উপস্থিত ছিলেন-বীর মুক্তিযোদ্ধা মোজাফফর আহমদ, চট্টগ্রাম প্রেস ক্লাবের সভাপতি সালাহ্উদ্দিন মো. রেজা, বই মেলার আহ্বায়ক কাউন্সিলর নিছার উদ্দিন আহমেদ (মঞ্জু), কাউন্সিলর গাজী মোঃ শফিউল আজিম, হাসান মুরাদ বিপ্লব, নাজমুল হক ডিউক, আবদুস সালাম মাসুম, মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী, মোহাম্মদ আবদুল মান্নান, সংরক্ষিত কাউন্সিলর তছলিমা বেগম নুরজাহান, রুমকি সেনগুপ্ত চসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, রাজস্ব কর্মকর্তা সৈয়দ শামসুল তাবরীজ, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মোঃ রেজাউল করিম, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, উপ-সচিব আশেক রসুল চৌধুরী (টিপু), নির্বাহী প্রকৌশলী মীর্জা ফজলুল কাদের, জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদ এবং সিবিএ সভাপতি ফরিদ আহমদ, সিনিয়র সহ সভাপতি জাহিদুল আলম চৌধুরীযুগ্নসাধারণ সম্পাদক বিপ্লব কুমার চৌধুরী প্রমুখ।

এবারের মেলার অনুষ্ঠানমালায় রয়েছে নজরুল দিবস, মাতৃভাষা দিবস-২১ ফেব্রুয়ারি, লোক উৎসব, রবীন্দ্র উৎসব, তারুণ্য উৎসব, নারী উৎসব, বসন্ত উৎসব, মরমী উৎসব, আবৃত্তি উৎসব, নৃগোষ্ঠী উৎসব, লেখক সমাবেশ, যুব উৎসব, শিশু উৎসব, পেশাজীবী সমাবেশ, মুক্তিযুদ্ধ উৎসব, ছড়া উৎসব, কুইজ প্রতিযোগিতা, চাটগাঁ উৎসব, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও আলোকচিত্র প্রদর্শনী, বইমেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান।

মেলা প্রতিদিন বিকেল ৩টা থেকে রাত ৯টা ও ছুটির দিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। দেশের খ্যাতিমান কবি-সাহিত্যিক, সাংবাদিক, বুদ্ধিজীবী, মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ ও সাংস্কৃতিক অঙ্গনের বরেণ্য ব্যক্তিবর্গ প্রতিদিনের বিষয়ভিত্তিক আলোচনায় অংশ নেবেন।

সিটি মেয়রকে

**চট্টগ্রাম বোর্ডের এইচএসসি**

## পরীক্ষার ফলাফল হস্তান্তর

মাধ্যমকি ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রামের ২০২২ শিক্ষা বর্ষের এইচএসসি ও সমমান পরীক্ষার প্রকাশিত ফলাফল আজ বুধবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর নিকট টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে মেয়র দপ্তরে সাক্ষাত করে ফলাফল হস্তান্তর করেন চট্টগ্রাম শিক্ষা বোর্ডের উপসচিব মোহাম্মদ বেলাল হোসেন, উপ-কলেজ পরিদর্শক বিজয় ভৌমিক, উপ-বিদ্যালয় পরিদর্শক আবুল বাশার।

## চসিক ভ্রাম্যমাণ আদালত ভিবিন্ন অপরাধে
## ১৪ ব্যক্তিকে ২ লক্ষ ৭ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর এ. কে খান মোড়ে হোটেলের ব্যবহৃত ময়লা পানি রাস্তায় ফেলায়, বিনা অনুমতিতে রাস্তা কর্তন করা এবং ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রাস্তায় রেখে জনদুর্ভোগ সৃষ্টির অপরাধে আয়োজন রেস্তোরাকে ১ লক্ষ, আম্মাজান হোটেলকে ২০ হাজার, জাহান ইঞ্জিনিয়ারিংকে ৩০ হাজার এবং লাভলেইন এলাকায় নালা ভরাট করে পানি চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে সানমারকে ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।
স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নগরীর কে.সি.দে রোডের উভয়পার্শ্বের রাস্তা ও ফুটপাত দখল করে টায়ারসহ বিভিন্ন মালামাল রেখে ব্যবসা করায় দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা করা হয়। আদালত সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় ৩ ব্যক্তিকে ১৭ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ  ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

## নবাবগত প্রধান নির্বাহী কর্মকর্তাকে
## লাইসেন্স ইন্সপেক্টর এসোসিয়েশনের ফুলেল শুভেচ্ছা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সদ্যযোগদানকৃত প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব) শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সাথে তাঁর দপ্তরে আজ বুধবার দুপুরে সাক্ষাত করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের লাইসেন্স ইন্সপেক্টর এসোসিয়েশন নেতৃবৃন্দ। সাক্ষাতকালে নেতৃবৃন্দ প্রধান নির্বাহী কর্মকর্তাকে ফুলেল শুভেচ্ছা জানান এবং ক্রেস্ট উপহর দেন। এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি জাহিদুল আজিম পাভেল, সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক হারুন আল রশিদ (রানা), সাংগঠনিক সম্পাদক সাজ্জাদ মাহমুদ রাসেল, মনছুর আলম, অজয় দাশ সহ নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮